

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৮০৬

তারিখঃ ২৮/০৬/২০২১খ্রিঃ

বিষয়ঃ নিজ/একই উপজেলায় দীর্ঘদিন কর্মরত মাঠ সংগঠকদের কার্যক্রম মূল্যায়নপূর্বক প্রতিবেদন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠপর্যায়ে কার্যক্রম গতিশীল করার স্বার্থে কিছু সংখ্যক মাঠ সংগঠককে তাদের নিজ উপজেলায় পদায়ন করা হয়। এছাড়া কিছু সংখ্যক মাঠ সংগঠক দীর্ঘদিন যাবদ একই উপজেলায় কর্মরত রয়েছে। প্রকল্প/কর্মসূচির নীতিমালা অনুযায়ী কর্মসূচির কোন কর্মচারীর পরিবারের সদস্য বা আত্মীয় সম্পর্কিত কোন সদস্য প্রকল্প/কর্মসূচির সদস্যভুক্ত হওয়াসহ কোন ধরনের সেবা গ্রহণের সুযোগ নেই। কিন্তু কোন কোন উপজেলায় এ সংক্রান্ত নীতিমালা উপেক্ষা করে কর্মসূচির মাঠসংগঠকের পরিবারের সদস্য বা আত্মীয়কে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে ঋণ প্রদান করা হয়েছে এবং গৃহিত ঋণ সাপ্তাহিক কিস্তি পরিশোধ না করে বছর শেষে এককালীন পরিশোধ করছেন। এছাড়া ঋণের সিলিং বৃদ্ধি করে পরবর্তী দফায় অধিক হারে ঋণ গ্রহণ করছেন। তাছাড়া দীর্ঘদিন একই/নিজ উপজেলায় কর্মরত থাকার সুযোগ নিয়ে মাঠ সংগঠকগণ কিস্তিতে ঋণ ও সঞ্চয়ের অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান না করে নিজেরাই তাদের ব্যক্তিগত কাজে ব্যবহারসহ সুদে বিনিয়োগ করছেন মর্মে তথ্য রয়েছে।

২। এমতাবস্থায়, নিজ/একই উপজেলায় দীর্ঘদিন কর্মরত মাঠ সংগঠকদের বর্ণিত কার্যক্রমের বিষয়ে সরেজমিনে যাচাইপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ ধরনের কার্যকলাপের সাথে যুক্ত মাঠ সংগঠকদের প্রমাণসাপেক্ষে তাঁদের নিয়োগ পত্রের শর্তানুসারে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তিভিত্তিক নিয়োগ হতে সরাসরি অপসারণের উদ্যোগ গ্রহণ করা হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা


বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩.৮০৬

তারিখঃ ২৮/০৬/২০২০খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক